



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.১৬

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **NTRCA কর্তৃক সুপারিশকৃত নতুন শিক্ষকদের এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, NTRCA'র তৃতীয় নিয়োগ বিজ্ঞপ্তির সুপারিশের ভিত্তিতে শিক্ষকদের এমপিওভুক্তকরণের লক্ষ্যে বিভিন্ন মাদ্রাসা থেকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের MEMIS সফটওয়্যারে আবেদন দাখিল করা হচ্ছে। অধিকাংশ মাদ্রাসার এমপিও শীটে শিক্ষকদের বিষয় ও পদবী উল্লেখ নেই। যার ফলে নতুন শিক্ষকদের এমপিওভুক্তকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে। এমপিওশীটে সকল শিক্ষক-কর্মচারীর পদ এবং বিষয় মুদ্রিত না থাকায় জনবল কাঠামো অনুযায়ী প্রাপ্যতা আছে কি না তা নিশ্চিত হওয়া সম্ভবপর হয় না। ভুল/অসত্য তথ্যের ভিত্তিতে এমপিওভুক্তির ফলে সরকারি অর্থের অপব্যবহার হলে ভবিষ্যতে জবাবদিহিতার সম্মুখীন হতে হবে। উল্লিখিত সমস্যা সমাধানে নতুন শিক্ষকদের এমপিওভুক্তকরণে জটিলতা নিরসনের লক্ষ্যে ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঞ্জীকারনামা, বিদ্যমান এমপিও শীট, বেতন বিল, শিক্ষক-কর্মচারীর তালিকা এবং শিক্ষা সনদের ভিত্তিতে পদবী ও বিষয় নির্ধারণপূর্বক মাদ্রাসার সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত সর্বশেষ এমপিওশীটের অনুরূপ কপি প্রয়োজন।

এমতাবস্থায়, NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের এমপিওভুক্তকরণের লক্ষ্যে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর পরিশিষ্ট-“ঙ” তে নতুন এমপিও এর জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঞ্জীকারনামা, বিদ্যমান এমপিও শীট, বেতন বিল, শিক্ষক-কর্মচারীর তালিকা এবং শিক্ষা সনদের ভিত্তিতে পদবী ও বিষয় নির্ধারণপূর্বক মাদ্রাসার সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত সর্বশেষ এমপিওশীটের অনুরূপ কপি অনলাইন এমপিও আবেদনের অগ্রায়ণপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: অঞ্জীকারনামার নমুনা কপি-০১ ফর্দ।

২২-২-২০২২

মোহাম্মদ শামসুজ্জামান

উপ-পরিচালক

সভাপতি/অধ্যক্ষ/সুপার..(সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.১৬/১(২৭০)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) জেলা প্রশাসক (সকল) [তঁার আওতাধীন সকল এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৩) পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মেমিস প্রকল্প, মাশিঅ।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল) [তঁার আওতাধীন সকল এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সকল কর্মকর্তা। উপপরিচালক প্রশাসনকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬) জেলা শিক্ষা অফিসার (সকল) [তঁার আওতাধীন সকল এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ৮) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

২২-২-২০২২

মোঃ লুৎফর রহমান

সহকারী পরিচালক